দৈনিক ইত্তেফাক

তারিখ 23 JUN 1988
পৃষ্ঠা 1 কলাম 2

058

# ঢাকা ভার্সিটি সিনেট বৈঠকের উপর ইনজাংশন জারি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

আদালত নিষেধাজ্ঞা জারি করায় গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের মুলতবী অধিবেশন অনুষ্ঠিত হয় নাই। সিনেট সদস্য (রেজিষ্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি) খিলগাঁও মডেল কলেজের প্রিন্সিপ্যাল মোহাম্মদ বদিউজ্জামানের আবেদনক্রমে ভিসিকে বিবাদী করিয়া ঢাকার ৪র্থ সহকারী জজ মোহাম্মদ শামসুল হক গতকাল অন্তর্বর্তীকালীন সময়ের জন্য সিনেট অধিবেশনের উপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন। বাদী বদিউজ্জামানের আবেদনক্রমে কেন সিনেট অধিবেশনের উপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করা হইবে না, ৭ দিনের মধ্যে উহার কারণ দর্শাইবার জন্য ভিসিসহ কয়েকজনের উপর আদালত নির্দেশ দিয়াছেন।

গতকাল অধিবেশন শুরুর ৪৫ মিনিট পূর্বে রেজিষ্টারের পি, এ আদালতের এই নির্দেশনামা গ্রহণ করেন। বাদীর আবেদন অনুযায়ী সোমবারের ঘটনা উল্লেখপূর্বক আদালতের নিষেধাজ্ঞায় বলা হয়, বিবাদী গত মঙ্গলবার বিশ্ববিদ্যা-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ইনজাংশন জারি

(১ম পৃঃ পর)

লয়ের সাবিক পরিস্থিতি বিবেচনা করিয়া শিক্ষার স্বার্থে এবং ছাত্র-শিক্ষক, অফিসার-কর্মচারী, সিনেট সদস্যের নিরাপত্তা ও শিক্ষার পরিবেশ উন্নত রাখার জন্য অনির্দিষ্টকালের জন্য অধিবেশন মুলতবী ঘোষণা করেন। আবার ঐদিনই কয়েক ঘন্টা পর গতকাল অধিবেশন আহ্বান করেন।

বাদীর অভিযোগক্রমে নিষেধাজ্ঞায় উল্লেখ করা হয়, সিনেটে শিক্ষক-প্রতিনিধি শিক্ষকগণ তাহাদের সপক্ষীয় ছাত্র নেতাদের সাথে নিয়া সিনেট অধিবেশন ডাকার ব্যাপারে ভিসিকে চাপ প্রয়োগ করেন।

ভিসি প্রফেসর আবদুল মান্নান আদালতের নির্দেশ সম্পর্কে বলেন, ইহা বিশ্ববিদ্যালয়ের জন্য মঙ্গলজনক নয়। বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার জন্য ইহা করা হইয়াছে।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ও সংগ্রামী ছাত্রজোটের নেতৃবৃন্দ গতকাল ভিসির সহিত সাক্ষাৎ করিয়া সিলেটসহ বিশ্ববিদ্যালয়ের সাবিক পরিস্থিতি তুলিয়া ধরার জন্য ভিসির প্রতি অনুরোধ জানান।

সিনেটের ২৪ জন সদস্য এক বিবৃতিতে সিনেটের অধিবেশন বন্ধের নিন্দা করিয়াছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল এক সভায় শিক্ষকদের সম্পর্কে কোন কোন সংসদ সদস্যের আপত্তিকর উক্তির নিন্দা করিয়াছে। সভায় সিনেট অধিবেশনের অন্তরায় সৃষ্টিকারীদের প্রতিহত করার জন্য সকল সিনেট, সিণ্ডিকেট সদস্যসহ ছাত্র, শিক্ষক, কর্মচারীর প্রতি আহ্বান জানানো হয়। সভায় ২০শে জুনের ঘটনায় শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্যের প্রতিবাদ করা হয়। প্রফেসর এম, আমিনুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

### অধ্যাদেশ সংশোধনের দাবী

এদিকে ৮ জন সিনেট সদস্য (রেজিষ্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি) এক বিবৃতিতে ২০শে জুনের ঘটনায় দোষী ছাত্রদের শাস্তি দাবী করিয়াছেন। বিবৃতিতে অধ্যাদেশ '৭৩ সংশোধন করার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়।